



NUTRITION OLYMPIAD 2020

নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০

Let the Youth Lead to Build Nutrition Enriched Digital Bangladesh

December 26, 2020 (Saturday)

www.nutritionolympiad.net/2020



চিত্রাঙ্কন প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্যোগের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২৬শে ডিসেম্বর, ২০২০ (শনিবার) "নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০" আয়োজন করা হবে। কোভিড ১৯ মহামারীর কারণে এবার অনলাইনে নিউট্রিশন অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এবছর নিউট্রিশন অলিম্পিয়াড এ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ জন্য ১০-২৪ বছর বয়সীদের আহ্বান করা হচ্ছে। চিত্রাঙ্কন প্রতিযোগিতার নিয়মবলী নিচে দেওয়া হলোঃ

বিষয়বস্তুঃ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীকে "নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০" এর থিমের সাথে সামঞ্জস্য রেখে ছবি আঁকাতে হবে।

ছবি আঁকা ও ফরমেট তৈরির নির্দেশনাঃ

- মূল বিষয় ঠিক রেখে অংশগ্রহণকারীকে নিজে হাতে ছবি আঁকাতে হবে।
- অবশ্যই রঙ ব্যবহার করে ছবি আঁকাতে হবে, পেনসিল স্কেচ গ্রহণযোগ্য নয়।
- নির্ধারিত সময়ে আঁকানো চিত্রের এর ছবি তুলে পাঠাতে হবে এবং ১৫ সেকেন্ড এর ভিডিও তৈরি করে পাঠাতে। ভিডিও শুধুমাত্র আপনার আঁকানো পুরো ছবিটি সম্পূর্ণভাবে দেখানোর জন্য আবশ্যিক।
- ৩টি বয়স বিভাগে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
- ১টি প্রতিষ্ঠান থেকে সর্বোচ্চ ৩ জন চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

- অংশগ্রহণকারী প্রতিষ্ঠান (Nutrition Club) প্রতিযোগীদের নাম নির্বাচন করবে।
- বয়স অনুযায়ী নির্ধারিত থিম এর উপর ছবি আঁকাতে হবে।

আঁকানো ছবির ভিডিও তৈরির জন্য কাঠামোঃ

সময়	বিষয়বস্তু
৫ সেকেন্ড	আপনার (নাম, বয়স, গ্রুপ ও এলাকা) পরিচয় দিন।
১০ সেকেন্ড	চিত্রাঙ্কন এর থিমের নাম বলতে হবে এবং আঁকানো ছবির ভিডিও ধারণ করতে হবে।

বয়স অনুযায়ী গ্রুপের থিম সমূহ হলোঃ

গ্রুপের নাম	ক	খ	গ
বয়স	১০-১৪	১৫-১৯	২০-২৪
থিম	১. স্বাস্থ্যই সম্পদ; ২. দুধ শারীরিক ও মানসিক শক্তির চাবিকাঠি।	১. শিশুর জন্য পুষ্টিকর খাবার; ২. স্বাস্থ্যকর শরীর, স্বাস্থ্যকর মনের অধিকারী।	১. গর্ভবতী মা ও শিশুর পুষ্টি; ২. কোভিড-১৯ পুষ্টি।

স্কোরঃ

ক্রমিক নং	বিবরণ	নম্বর
1	মূল বিষয় উপস্থাপন	৪০
2	রঙ এর সামঞ্জস্যতা	৪০
3	ভিডিও	১০
4	নিয়মাবলী অনুসরণ	১০

পেইন্টিং জমা দেওয়ার নির্দেশনাঃ

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য,এনবিসি সদস্য,শিক্ষার্থী যারা নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।

কাগজের মাপঃ ১৮"×২৪"

কাগজের ধরনঃ আর্ট কাগজ

ফরমেটঃ চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীকে ১৫ সেকেন্ড এর একটি ভিডিও যেটা Mp4(মোবাইল ফরম্যাট) আকারে থাকবে এবং আঁকানো ছবির ১টি ছবি তুলে jpg/jpeg ফরমেট এ রাখতে হবে। পরবর্তীতে উভয় ফাইল একসাথে ই-মেইল এর মাধ্যমে মেইল করতে হবে অথবা আপলোড করতে হবে।

শেষ সময়সীমাঃ ১০ডিসেম্বর,২০২০(এই দিনের মধ্যে আপনার আঁকানো ছবি এবং আঁকানো ছবির ভিডিওটি ই-মেইল এর মাধ্যমে জমা দিতে হবে বা আপলোড করতে হবে)।

জমাদানের ঠিকানাঃ ই-মেইলঃ no2020@biid.org.bd অথবা ,

আপলোড করুন www.nutritionolympiad.net/2020 এই সাইটে গিয়ে।

ই-মেইল জমা দেওয়ার সময় সাবজেক্টে লিখতে হবে "Painting competition(রেজিস্ট্রেশন নম্বর)"। নিউট্রিশন অলিম্পিয়াড ২০২০

ওয়েবসাইট এ রেজিস্ট্রেশন করার সময় রেজিস্ট্রেশন নাম্বারটি তৈরি হয়ে যাবে।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা নিয়ে যেকোনো ধরনের প্রশ্ন থাকলে যোগাযোগ করুন জান্নাতুল তাজরীন, ফোনঃ 01874998317 ,ই-মেইল

jannatultajrin30@gmail.com।

যেকোনো ধরনের অসদুপায় অবলম্বনকারী কে অযোগ্য ঘোষণা করা হবে।

বিচারদের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

এক ব্যক্তি সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারে।